ইত্তেফাক

তারিখ ... 6/7/78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

147

# আজ ডিগ্রী পাস পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বৃহস্পতিবার) হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৭ সনের ডিগ্রী পাস পরীক্ষা শুরু হইতেছে। এই পরীক্ষায় সর্বমোট ৩৩টি পরীক্ষা কেন্দ্রে বিভিন্ন বিভাগ হইতে মোট ১৪ হাজার ৬ শত ৫০ জন পরীক্ষার্থী অংশ নিতেছেন।

অন্যান্য বছরের ন্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস সাবসিডিয়ারী পরীক্ষা গত জুন মাস হইতে শুরু হওয়ার কথা ছিল। কিন্তু বিশ্ববিদ্যালয় চত্বরে ১৯শে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

এপ্রিলের গোলযোগের ঘটনাকে কেন্দ্র করিয়া এই পরীক্ষা প্রথমে স্থগিত ঘোষণা এবং পরে কর্তৃপক্ষ দুইটি পরীক্ষা পৃথক পৃথকভাবে গ্রহণের সিদ্ধান্ত নেন। সেমতে ডিগ্রী পাস পরীক্ষা আজ (বৃহস্পতিবার) হইতে এবং সাবসিডিয়ারী পরীক্ষা আগামী সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হইবে।